অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/13/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে কোমর্বিডিটি এবং অন্তর্হিনিত অবস্থা সহ ব্যক্তিদের জন্য ব্যাপক টিকা দানের সাইটগুলি ক্ষমতা বাড়াবে, যারা রবিবার সকাল থেকে অ্যাপয়েন্টমেন্টের সময়সূচী নির্ধারণ করতে পারবেন

রবিবার এবং পরবর্তী সপ্তাহগুলি জুড়ে রাজ্যের গণ টিকাকরণ সাইটগুলিতে অ্যাপয়েন্টমেন্ট অনলাইন হতে চলেছে

আজ সকাল 11টা পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণের সাইটগুলি ফেডারেল সরকারের থেকে প্রাপ্ত মোট প্রথম ডোজের 90% প্রদান করেছে

রাজ্যের টিকা প্রোগ্রাম সম্পর্কে আপডেট প্রদান করতে টিকার ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে; ny.gov/vaccinetracker এ যান; ড্যাশবোর্ডে এখন জনসংখ্যাতাত্ত্বিক ডেটা অন্তর্ভুক্ত

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ রাজ্যের টিকাকরণ কর্মসূচী সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন এবং ঘোষণা করেছেন যে যে সব ব্যক্তির কোমমর্ডিটি এবং অন্তর্নিহিত অবস্থা আছে তারা আগামীকাল সকাল থেকে 'আমি কি যোগ্য' ওয়েবসাইট ব্যবহার করতে পারবেন। আজ সকাল 11টা পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি 2,129,135টি প্রথম ডোজ পেয়েছে এবং ইতিমধ্যেই 90 শতাংশ বা 1,923,259টি টিকার প্রথম ডোজ প্রদান করেছে এবং প্রথম ও দ্বিতীয় ডোজের 83 শতাংশ প্রদান করেছে। ফেডারেল সরকার থেকে সপ্তাহ 9 এর বরাদ্দকরণ টিকাদানের জন্য প্রদানকারীদের কাছে পৌঁছে দেওয়ার প্রক্রিয়া চলছে প্রদান করার জন্য।

"আমাদের টিকার সরবরাহ বাড়ছে, ইতিবাচকতার হার কমে যাচ্ছে এবং আমরা প্রতিদিন COVID এর বিরুদ্ধে যুদ্ধে জেতার কাছাকাছি একটি একটি পদক্ষেপে আসছি," **গভর্নর কুওমো বলেন।** "সংখ্যাগুলি দেখাচ্ছে যে আমরা সঠিক দিকে অগ্রসর হচ্ছি, এবং এই গতিপথ বজায় রাখতে আমাদের অবশ্যই যত দ্রুত সম্ভব এবং ন্যায্যভাবে নিউ ইয়র্কবাসীদের টিকা দেওয়া এবং সংক্রমণের হার কমিয়ে রাখার মধ্যে প্রতিযোগিতায় জিততে হবে। যত তাড়াতাড়ি সম্ভব বাহুতে শট প্রবেশ করানোর জন্য আমাদের পরিকাঠামো আছে - আমাদের শুধু এটা করার জন্য সরবরাহ দরকার - এবং ওয়াশিংটনে একজন নতুন নেতার আগমণের সাথে আমরা অবশেষে আরো সরবরাহ পেতে শুরু করেছি, যার ফলে আগামী সপ্তাহ থেকে নিউ ইয়র্কবাসীদের টিকাকরণের অ্যাপয়েন্টমেন্ট দিতে পারবো। আমরা এই অন্ধকার সুড়ঙ্গের শেষের আলো প্রায় দেখতে পাচ্ছি, এবং এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ

যে সকল নিউ ইয়র্কবাসী মুখোশ পরিধান করে, সামাজিক দূরত্ব বজায় রাখা অনুশীলন করে এবং দায়িত্বশীলভাবে কাজ করে যাতে আমরা এই পশুটিকে চিরতরে পরাজিত করতে পারি।"

'আমি কি যোগ্য' স্ক্রীনিং টুলটি রবিবার সকাল 8টায় কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত অবস্থা সহ ব্যক্তিদের জন্য আপডেট করা হবে, এবং আগামী সপ্তাহগুলোতে নতুন অ্যাপয়েন্টমেন্টগুলো আসা মাত্র প্রদান করার ভিত্তিতে চালুকরা হবে। আগামী সপ্তাহ থেকে শুরু করে স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলিও এই ব্যক্তিদের জন্য টিকার বরাদ্দকরণ পাবে। মানুষ নিম্নলিখিতগুলি ব্যবহার করে দেখাতে পারেন যে তারা যোগ্য:

- চিকিৎসকের চিঠি, অথবা
- চিকিৎসা সংক্রান্ত তথ্য যা কমোর্বিডিটির প্রমাণ দেয়, অথবা
- স্বাক্ষরিত সার্টিফিকেট

বর্তমানে আনুমানিক 7 মিলিয়ন নিউ ইয়র্কবাসী টিকা পাওয়ার যোগ্য। ফেডারেল সরকার পরের তিন সপ্তাহ ধরে সাপ্তাহিক সরবরাহ 20 শতাংশের বেশি বৃদ্ধি করেছে, কিন্তু নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা এখনও ফেডারেল সরকার থেকে আসা সরবরাহের থেকে অনেক বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বণ্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচির (Long Term Care Facility program) জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক রাজ্যে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ: বরাদ্দের মোট পরিমাণে 9ম সপ্তাহের বরাদ্দের 80 শতাংশ অন্তর্ভুক্ত করে, যা রবিবার নিউ ইয়র্ক সরবরাহকারী সাইটে বিতরণ করা শেষ হবে। সপ্তাহ 9 এর মোট বরাদ্দেকরণ কিছু অতিরিক্ত টিকার ডোজ অন্তর্ভুক্ত যা ফেডারেল দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটি প্রোগ্রাম থেকে পুনরায় বরাদ্দ করা হয়েছে।

স্টেটব্যাপী বিশদ তথ্য

প্রাপ্ত প্রথম ডোজ - 2,129,135
প্রদান করা প্রথম ডোজগুলি - 1,923,259; 90%
প্রাপ্ত দ্বিতীয় ডোজ - 1,129,450
প্রদান করা দ্বিতীয় ডোজ - 772,510

অঞ্চল	**প্রাপ্ত মোট ডোজ (1ম ও 2য়)**	**প্রদান করা মোট ডোজ (1ম ও 2য়)**	**মোট ডোজের % যা প্রদান করা/প্রাপ্ত হয়েছে (1ম ও 2য়)**
Capital Region	207,005	166,773	81%

Central New York	169,590	140,806	83%
Finger Lakes	196,435	171,825	87%
Long Island	403,505	348,562	86%
Mid-Hudson	305,865	242,666	79%
Mohawk Valley	91,530	69,730	76%
New York City	1,470,690	1,177,506	80%
North Country	99,875	93,345	93%
Southern Tier	100,525	92,727	92%
Western New York	213,565	191,829	90%
স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	3,258,585	2,695,769	83%

	স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 1ম ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে	**নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণ সাইটগুলিতে সম্পূর্ণরূপে সরবরাহ করা 2য় ডোজগুলি**	**মোট**	**মোট**
সপ্তাহ 1: ডোজ আসছে 12/14 - 12/20	90,675	0	90,675	প্রযোজ্য নয়
সপ্তাহ 2: ডোজ আসছে 12/21 - 12/27	392,025	0	392,025	482,700
সপ্তাহ 3: ডোজ আসছে 12/28 - 01/03	201,500	0	201,500	684,200
সপ্তাহ 4: ডোজ আসছে	160,050	90,675	250,725	934,925

01/04 – 01/10				
সপ্তাহ 5: ডোজ আসছে 01/11 – 01/17	209,400	45,825	255,225	1,190,150
সপ্তাহ 6: ডোজ আসছে 01/18– 01/24	250,400	428,100	678,500	1,868,650
সপ্তাহ 7: ডোজ আসছে 01/25 – 01/31	250,400	160,450	410,850	2,279,500
সপ্তাহ 8: ডোজ আসছে 02/01 – 02/07	320,525	208,800	529,325	2,808,825
সপ্তাহ 9: ডোজ আসছে 02/8 – 02/14*	254,160	195,600	449,760	3,258,585

**এই সংখ্যা সপ্তাহ 9 এর বরাদ্দের 80 শতাংশের প্রতিনিধিত্ব করে। 14 জানুয়ারি, রবিবার দিনের শেষে পুরো সপ্তাহ 9 এর বরাদ্দকরণ আসবে বলে আশা করা হচ্ছে।*

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া প্রথম ডোজের 90 শতাংশ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দকরণের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়ে গেছে। নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি স্টেট পরিচালিত গণ টিকাদান সাইটে একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করতে, 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটে যেতে পারেন। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করতেও পারেন যেখানে টিকা উপলব্ধ আছে।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলব্ধ। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাদান ফেসিলিটিগুলির জন্য; স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীরা যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের যাতে ঠকানো না হয় তা নিশ্চিত করা যায় যখন স্টেট সম্পূর্ণ যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করছে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন